কানাইঘাট সরকারি উচ্চ বিদ্যালয়ের ৯১ ব্যাচের উদ্যোগে বন্যার্তদের মধ্যে নগদ অর্থ বিতরণ

কানাইঘাট প্রতিনিধি: ঐতিহ্যবাহী কানাইঘাট সরকারি উচ্চ বিদ্যালয়ের এস.এস.সি ১৯৯১ ব্যাচ এর উদ্যোগে উপজেলার বন্যায় ক্ষতিগ্রস্ত শতাধিক পরিবারের মধ্যে নগদ অর্থ সহায়তা প্রদান করা হয়েছে। আজ বৃহস্পতিবার সকাল সাড়ে ১১টায় কানাইঘাট সরকারি কলেজ মিলনায়তনে ১৯৯১ ব্যাচ এর প্রাক্তন বেশ কিছু শিক্ষার্থীদের উপস্থিতিতে কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ লোকমান হোসেন বন্যায় ক্ষতিগ্রস্তদের মাঝে অর্থ সহায়তা তুলে দেন।
এ সময় উপস্থিত ছিলেন, কানাইঘাট সরকারি কলেজের অর্থনীতি বিভাগের বিভাগীয় প্রধান সহকারী অধ্যাপক হাবিব আহমদ, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধান সহকারী অধ্যাপক ফরিদ আহমদ, ইসলামিক স্টাডিজ বিভাগের বিভাগীয় প্রধান সিরাজুল হক, ১৯৯১ ব্যাচ এর প্রাক্তন শিক্ষার্থীদের মধ্যে বক্তব্য রাখেন, ঢাকা বারের আইনজীবি এডভোকেট সেলিম উদ্দিন, কানাইঘাট বাজারের বিশিষ্ট ব্যবসায়ী সমাজসেবী হাজী জসীম উদ্দিন, স্বাস্থ্য সহকারী মনোয়ারা বেগম, রামিজা বালিকা উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক শামিম আহমদ, অবসরপ্রাপ্ত সেনা অফিসার নুর আহমদ, ফয়জুল হাসান, কানাইঘাট প্রেসক্লাবের সাধারণ সম্পাদক নিজাম উদ্দিন।
অর্থ সহায়তা প্রদানকালে আমন্ত্রিত অতিথিবৃন্দ বলেন, এবারের ভয়াবহ বন্যায় ক্ষতিগ্রস্ত উপজেলার শত শত পরিবারের পাশে প্রাক্তন ও বর্তমান শিক্ষার্থীরা ঐক্যবদ্ধ ভাবে তাদের নিজস্ব অর্থ দিয়ে শত শত বন্যা দুর্গত পরিবারকে ত্রাণ ও নগদ অর্থ দিয়ে সহায়তা প্রদানের মাধ্যমে সমাজে দৃষ্টান্ত স্থাপন করেছেন। ঐতিহ্যবাহী কানাইঘাট সরকারি উচ্চ বিদ্যালয়ের ১৯৯১ ব্যাচের প্রাক্তন শিক্ষার্থীরা দেশ-বিদেশে বিভিন্ন জায়গায় অবস্থান করার পরও বন্যার্তদের পাশে দাঁড়ানোর জন্য প্রাথমিক ভাবে ২ লক্ষ টাকা নিজেদের মাধ্যমে সংগ্রহ করে শতাধিক বন্যায় ক্ষতিগ্রস্ত অসহায় প্রত্যেক পরিবারকে ২ হাজার টাকা করে অর্থ সহায়তা প্রদান করায় তাদের প্রতি কৃতজ্ঞতা জানান অতিথিবৃন্দ। এ ধরনের মহতি কাজে সমাজের সর্বস্তরের লোকজনকে

এগিয়ে আসারও আহ্বান জানান তারা।